দৈনিক সংবাদ

তারিখ 02 NOV 1998
পৃঃ 2 কলাম 8

প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে ওয়াজেদ মিয়া

# আমলাতান্ত্রিক জটিলতার জন্যও বিজ্ঞান মন্ত্রণালয়ের কাজ ত্বরান্বিত হচ্ছে না

(নিজস্ব বার্তা পরিবেশক)

'পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা' সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার আহ্বান জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সালাহউদ্দিন ইউসুফ। গতকাল রোববার 'চিকিৎসা ক্ষেত্রে আয়নায়নকারী বিকিরণ নিয়ন্ত্রণ ও নিরাপত্তা' বিষয়ক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানিয়েছেন।

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন আয়োজিত তিন মাসব্যাপী এই কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারম্যান ডঃ এম, এ ওয়াজেদ মিয়া। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ডঃ এম, সিরাজুল ইসলাম, এম, এ তাহের ও এম মনসুর রহমান।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, বর্তমানে কমিশনের ১৪টি নিউক্লিয়ার মেডিসিন সেন্টারে আয়নায়নকারী বিকিরণ দ্বারা ক্যান্সারসহ বহু জটিল রোগ নির্ণয় ও নিরাময় করা হচ্ছে।

বিকিরণ কর্মকান্ডের নিরাপদ ব্যবহার, প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্ব দেয়ার জন্য তিনি কর্মশালায় অংশগ্রহণ-কারীদের প্রতি আহ্বান জানান।

কমিশনের চেয়ারম্যান ডঃ এম, এ ওয়াজেদ মিয়া বলেন, আমলাতান্ত্রিক জটিলতার কারণে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের কাজ ত্বরান্বিত করা সম্ভব হচ্ছে না। তিনি বলেন, একা কেউ ভাল হয়ে দেশের মঙ্গল আনতে পারে না।

দেশের বিভিন্ন মেডিক্যাল কলেজ, হাসপাতাল ও পরমাণু চিকিৎসা কেন্দ্রের ৩২ জন ডাক্তার, রেডিওলজিস্ট ও চিকিৎসক কর্মকর্তাগণ এই কর্মশালায় অংশগ্রহণ করছেন।

সভাপতির বক্তব্যে ডঃ এম এ ওয়াজেদ মিয়া বলেন, আপনারা যারা সচিবালয়ে বসেন তারা সরকারের সাথে সবচেয়ে বেশি সম্পর্কিত অথচ তাদের কাছ থেকে কাজ আদায় করে নেয়া বেশ কঠিন। ওয়াজেদ মিয়া অভিযোগ করে বলেন, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ৩০ জন বিজ্ঞানী গত ৬ মাস ধরে কোন বেতন পাননি; অথচ এ ব্যাপারে মন্ত্রণালয়ের মন্ত্রী থেকে শুরু করে সচিবদের সাথে বারবার যোগাযোগ করা হলেও তারা আজ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করেননি।

বিজ্ঞানীদের বেতনের ব্যাপারে অর্থমন্ত্রী এসএম কিবরিয়া, পরিকল্পনা প্রতিমন্ত্রী ডঃ মহিউদ্দিন খান আলমগীর, অর্থ সচিব এম আকবর আলী, প্রধানমন্ত্রীর মুখ্যসচিব ডঃ এস এ সামাদের সাথে যোগাযোগ করা হলেও তারা বিষয়টির ব্যাপারে আজ পর্যন্ত কোন সিদ্ধান্তে পৌঁছতে পারেননি বলে তিনি অভিযোগ করেন।